# বিশেষ অনুশীলন-২

বিষয় কোড-১৪৩

শ্রেণি- নবম

বিষয়: ব্যবসায় উদ্যোগ

সময়: ১ঘন্টা ১৫ মিনিট পূর্ণমান: ৫০

## বহুনির্বাচনী অংশ: (৩০ মিনিট)

**(সঠিক উত্তরটি খাতায় লিখ, প্রতিটি প্রশ্নের মান-১)**

১। বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা, ২০১০ অনুযায়ী মোট জাতীয় উৎপাদনের কত ভাগ শিল্পখাত থেকে আসে?
(ক) ২০% (খ) ৩০% (গ) ৪০% (ঘ) ৫০%

২। দেশের মোট শ্রমশক্তির পরিমাণ কত?
(ক) ১/২ (খ) ১/৫ (গ) ১/৩ (ঘ) ১/৪

৩। আত্মকর্মসংস্থানের জন্য প্রয়োজন-
i . স্বল্প পুঁজি ii. নিজস্ব চিন্তা ও জ্ঞান iii. বুদ্ধিমত্তা ও দক্ষতা
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাওঃ
ওয়াসিক এম.কম পাস করার পর নট্রামস থেকে প্রশিক্ষণ এবং মায়ের কাছ থেকে কিছু টাকা নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুললেন। প্রথম দিকে কিছু ক্ষতি হলেও পরবর্তীতে লোকসান মিটিয়ে ধীরে ধীরে সফল হলো। তিনি এখন অর্থনৈতিকভাবে স্বাবলম্বী।

৪। ওয়াসিকের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায়?
(ক) ক্ষুদ্র (খ) মাঝারি (গ) বৃহৎ (ঘ) আত্মকর্মসংস্থানমূলক

৫। ওয়াসিকের ব্যবসায়ের সফলতার কারণ-
(ক) পর্যাপ্ত মূলধন (খ) দক্ষ জনবল
(গ) প্রশিক্ষণমূলক জ্ঞান কাজে লাগানো (ঘ) মুনাফা লাভের তীব্র আকাঙ্ক্ষা

৬। প্রশিক্ষণ প্রদানের ফলে-
i. নৈতিক বল বৃদ্ধি পায় ii. অপচয় বৃদ্ধি পায় iii. যন্ত্রপাতির সদ্ব্যবহার হয়
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

৭। বেকারত্ব বৃদ্ধি পাওয়ার কারণ-
i. কারিগরি শিক্ষার অভাব ii. বৃত্তিমূলক শিক্ষার অভাব
iii. তাত্ত্বিক ব্যবস্থা প্রচলিত
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাওঃ
পরী গরীব পরিবারের মেয়ে। এস.এস.সি পাস করার পর কিছুদিন প্রশিক্ষণ গ্রহণ করে তার নিজ এলাকায় একটি কাপড় সেলাইয়ের দোকান দেয়। বর্তমানে তাদের পরিবারে সচ্ছলতা ফিরে এসেছে।

৮। পরীর কাজটি কোন ধরনের?
(ক) কুটির শিল্প (খ) আত্মকর্মসংস্থান
(গ) শখের কাজ (ঘ) মাঝারি শিল্প

৯। পরীর সফলতার কারণ-
i . দূরদর্শিতা ii. দারিদ্রতা iii. দক্ষতা
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

১০। আত্মকর্মসংস্থানের মাধ্যমে-
i. সম্মানজনক জীবিকা উপার্জন করা যায়
ii. দেশের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন iii. দারিদ্রতা বৃদ্ধি পায়
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

১১। বেকার সমস্যা একটি-
(ক) ব্যক্তিগত সমস্যা (খ) জাতীয় সমস্যা
(গ) প্রাতিষ্ঠানিক সমস্যা (ঘ) পারিবারিক সমস্যা

১২। বাংলাদেশে কোনটির সুযোগ সীমিত?
(ক) চাকরি (খ)আত্মকর্মসংস্থান (গ) ব্যবসায় (ঘ) বাণিজ্য

১৩। প্রশিক্ষণ কর্মীদের যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে কোনটি এড়াতে সাহায্য করে?
(ক) দুর্ঘটনা (খ) ষড়যন্ত্র
(গ) শ্রমিক অসন্তোষ (ঘ)সম্পর্কহীনতা

১৪। বি আই এম কোন মন্ত্রণালয়ের অধীন?
(ক) কৃষি (খ) বাণিজ্য (গ) শিল্প (ঘ) শিক্ষা

১৫। প্রশিক্ষণ কর্মীদের কী বাড়ায়?
(ক) মনোবল (খ) শিক্ষা (গ) শক্তি (ঘ) শ্রম

১৬। মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?
(ক) ৪ (খ) ৫ (গ) ৬ (ঘ) ৭

১৭। অংশীদারি ব্যবসায়ের প্রধান উপাদান কী?
(ক) অর্থ (খ) বিশ্বাস (গ) চুক্তি (ঘ) মূলধন

১৮। সর্বপ্রথম সমবায় আন্দোলনের সূত্রপাত হয়-
i . উত্তর আমেরিকায় ii. পশ্চিম ইউরোপে iii. পূর্ব ইউরোপে
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

১৯। প্রাইভেট লিমিটেড সদস্য সংখ্যা-
i . সর্বনিম্ন ২ জন ii. সর্বোচ্চ ৪০ জন
iii. সর্বোচ্চ ৫০ জন
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাওঃ
নিপু ও দীপু দুই বন্ধু সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। বাংলাদেশে এই ব্যবসায়টির নিবন্ধন বাধ্যতামূলক নয়। তথাপি তারা এটি নিবন্ধন করার ইচ্ছা প্রকাশ করলেন।

২০। দুই বন্ধুর ব্যবসায়টি কোন ধরনের?
(ক) একমালিকানা (খ) সমবায় (গ) অংশীদারি (ঘ) রাস্ট্রীয়

২১। দুই বন্ধুর ব্যবসায়ের নিবন্ধনের জন্য যে বিষয় উল্লেখ্য করতে হবে-
i . প্রতিষ্ঠানের নাম ii. ব্যবসায়ের উদ্দেশ্য
iii. ব্যবসায়ের মূলধনের পরিমাণ
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাওঃ

২০০১ সালের আইন অনুযায়ী রাড়িখাল গ্রামের কয়েকজন বিত্তহীন ব্যক্তি " সাহায্য" নামের একটি সংগঠন গড়ে তোলেন। এ সংগঠনের উন্নয়ন ও অস্তিত্ব বজায় রাখার জন্য তারা নিজেদের মধ্যে নির্বাচিত প্রতিনিধি দ্বারা সংগঠনটি পরিচালনা করেন। এছাড়া একে অপরের বিপদ-আপদে সাহায্য ও সহযোগিতা করে থাকেন। বর্তমানে সংগঠনটি এলাকার আদর্শ সংগঠন হিসেবে গড়ে ওঠেছে।

২২। "সাহায্য" সংগঠনটির নিবন্ধনের জন্য কত টাকার ট্রেজারি চালান প্রয়োজন হবে?
(ক) ৫০ (খ) ১৪২ (গ) ১০০০ (ঘ) ৫০০০

২৩। " সাহায্য" প্রতিষ্ঠানটি আদর্শ প্রতিষ্ঠান হিসেবে গড়ে ওঠার মূল কারণ-
i . গণতান্ত্রিক মূল্যবোধ ও চেতনার প্রয়োগ ii. পারস্পরিক সহযোগিতা ও সেবার মনোভাব
iii. সকলের সমমর্যাদার অধিকারী
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

২৪। একমালিকানা ব্যবসায়ের জনপ্রিয়তার কারণসমূহ হলো-
i. নমনীয়তা ii. গোপনীয়তা রক্ষা iii. সমন্বিত প্রচেষ্টা
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

২৫। কোন ব্যবসায় সংগঠনকে কৃত্রিম সত্তার অধিকারী বলা হয়?
(ক) অংশীদারি (খ) সমবায়
(গ) একমালিকানা (ঘ) যৌথ মূলধনী

২৬। প্রাইভেট লিমিটেড কোম্পানি কখন কাজ শুরু করে?
(ক) আবেদনের পর (খ) নিবন্ধনের পর
(গ) স্মারকলিপি তৈরির পর (ঘ) কার্যারম্ভের অনুমতিপত্র

২৭। রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য-
i. বিশেষ আইন দ্বারা গঠিত ii. চিরন্তন অস্তিত্বের অধিকারী
iii. ক্ষতি সরকারকে বহন করতে হয়
কোনটি সঠিক? (ক) i,ii (খ) i,iii (গ) ii,iii (ঘ) i,ii,iii

২৮। কোন ব্যবসায় কার্যক্রম পৃথিবীতে সর্বপ্রথম শুরু হয়েছিল?
(ক) একমালিকানা (খ) সমবায় (গ) রাষ্ট্রীয় (ঘ)অংশীদারি

২৯। কোন অংশীদারের দায় ব্যবসায়ে নিয়োজিত মূলধনের পরিমাণ দ্বারা সীমাবদ্ধ?
(ক) আচরণে অনুমিত (খ) নামমাত্র
(গ) সীমিত (ঘ) সাধারণ

৩০। সমবায় সংগঠন নিবন্ধনের জন্য মূল দলিলকে কী বলে?
(ক) বিধিমালা (খ) উপবিধি
(গ) স্মারকলিপি (ঘ) পরিমেল নিয়মাবলি

## সৃজনশীল অংশ: (৪৫ মিনিট)

১। সিলেটের আরিব এম.এ পাস করেও পছন্দ ও যোগ্যতা আনুযায়ী চাকরি লাভে ব্যর্থ হন। অবশেষে যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নিয়ে পোল্ট্রি ফার্ম গড়ে তোলেন। এমতাবস্থায়, মূলধন অপর্যাপ্ত থাকায় তিনি একটি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে প্রতিষ্ঠানটি বড় করেন এবং সেখানে আরও ১০ জনের কর্মসংস্থান করেন।

ক) ব্যবসায়ে সাফল্য লাভের পূর্বশর্ত কী? ১
খ) নট্রামস কী?- ব্যাখ্যা করো। ২
গ) আরিবের পোল্ট্রি ফার্ম গড়ে তোলার কাজকে কী বলে?- ব্যাখ্যা করো। ৩
ঘ) "আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ ও সম্ভাবনা অপরিসীম"- ব্যাখ্যা করো। ৪

২। ফরিদপুরের জনাব সাব্বির চাকরির সন্ধান না করেই লেখাপড়া শেষে স্বল্প পুঁজি নিয়ে একটি মুদির দোকান শুরু করেন। জনগণের ব্যাপক চাহিদার কথা ভেবে তিনি ব্যবসায়টিকে বড় করতে চাইলেন। এজন্য তিনি তার বন্ধু তানভীরকে চুক্তির ভিত্তিতে ব্যবসায়ে সংযুক্ত করলেন।

ক) সমবায় সমিতির প্রধান মূলনীতি কোনটি? ১
খ) কোম্পানির মূল সনদ কোনটি? - ব্যাখ্যা করো। ২
গ) জনাব সাব্বিরের প্রথম ব্যবসায়টি মালিকানার ভিত্তিতে কোন ধরনের?- ব্যাখ্যা করো। ৩
ঘ) জনাব সাব্বিরের ব্যবসায় সম্প্রসারণের জন্য গৃহীত পদক্ষেপটি ব্যবসায়ের মালিকানার ধরন উল্লেখপূর্বক মূল্যাকরো। ৪